গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
Website : www.dnc.gov.bd

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশত বার্ষিকী "মুজিববর্ষ" উদযাপন উপলক্ষে প্রণীত কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভার কার্যবিবরণী:

সভাপতি ঃ মোহাম্মদ আহসানুল জব্বার
মহাপরিচালক
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

তারিখ ঃ ০৭ সেপ্টেম্বর ২০২০

সময় ঃ বেলা ১১ ঃ ০০ টা।

স্থান ঃ Zoom Aplication Platform।

জুম অনলাইন প্লাটফর্মে অংশগ্রহণকারী কর্মকর্তাগণের তালিকা "পরিশিষ্ট -ক" দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে তিনি স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। অতঃপর মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিচালক (প্রশাসন) ও 'মুজিববর্ষ' উদযাপন সংক্রান্ত ফোকাল পয়েন্ট জনাব মোঃ আজিজুল ইসলাম সভাপতির অনুমতিক্রমে বিগত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ উপস্থাপন করেন। বর্ণিত সভার সিদ্ধান্তসমুহের বাস্তবায়ন অগ্রগতি এবং 'মুজিববর্ষের' কর্মপরিকল্পনা নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

০২। সভায় নিম্নোক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয় ঃ

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ২.১ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে গত ১০মার্চ ২০২০ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও জন্মশতবার্ষিকী উদযাপনে প্রণীত কর্মপরিকল্পনা নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। এ প্রসংগে সভাপতি বলেন যে, কোভিড-১৯ এর কারনে কর্মপরিকল্পনা বাস্তবায়নে পিছিয়ে থাকা যাবে না। বরং স্বাস্থ্যবিধি মেনে প্রতিটি কর্মসূচি যথাসময়ে সম্পন্ন করার জন্য উদ্যোগ গ্রহণ করতে হবে। এক্ষেত্রে সকল উপকমিটি দ্রুত বাস্তবায়ন অগ্রগতি নিয়ে সভা করবে। তিনি আরও বলেন প্রতিটি উপকমিটির কাজ Specific হতে হবে। | (ক) স্বাস্থ্যবিধি মেনে কর্মপরিকল্পনায় উল্লেখিত সময়ের মধ্যে প্রতিটি কর্মসূচি বাস্তবায়নের যথাযথ উদ্যোগ গ্রহণ করতে হবে।<br><br>(খ) এ লক্ষ্যে প্রণীত সকল উপকমিটি দ্রুত বাস্তবায়ন অগ্রগতি নিয়ে সভা করবে এবং সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা গ্রহণ করে পরবর্তী সভায় উপস্থিত করবে। | ১। পরিচালক (সকল) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।<br>২। চীফ কনসালটেন্ট, সিটিসি, ঢাকা।<br>৩। প্রধান রাসায়নিক পরীক্ষক, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র,ঢাকা।<br>৪।অতিরিক্ত পরিচালক (সকল) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।<br>৫।মেডিকেল অফিসার বিভাগীয় নিরাময় কেন্দ্র (সকল)।<br>৬। উপপরিচালক/ সহকারী পরিচালক, জেলা কার্যালয়/ মেট্রো কার্যালয় (সকল)। |

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | | | |
| ২.২ | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়সহ বিভাগীয়, মেট্রো ও জেলা কার্যালয়ে বঙ্গবন্ধু বুক কর্ণার স্থাপন সংক্রান্ত কর্মসূচি বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে সভায় আলোচনা হয়। এ বিষয়ে পরিচালক (প্রশাসন), চীফ কনসালটেন্ট, সিটিসি এবং সকল বিভাগীয় অতিরিক্ত পরিচালকগণ জানান যে, প্রধান কার্যালয়সহ সকল বিভাগীয় ও জেলা অফিসে নির্ধারিত সময়ের মধ্যে বুক কর্ণার স্থাপন করে তা চালু করা হয়েছে। বঙ্গবন্ধু বুক কর্ণার সম্পর্কে সভাপতি বলেন যে, প্রতিটি বুক কর্ণারে বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ আলাদাভাবে কাঁচের ফ্রেমে বাঁধিয়ে দৃশ্যমান স্থানে রাখা যেতে পারে। এর পাশাপাশি বিজি প্রেস কর্তৃক মুদ্রিত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের একটি করে কপি, বঙ্গবন্ধুর জীবন ভিত্তিক ঐতিহাসিক ছবি ও সরকারের উল্লেখযোগ্য কাজের তথ্য ও ছবি প্রত্যেক বুক কর্ণারে সংরক্ষণ ও স্থাপন করা যেতে পারে। সভায় বুক কর্ণারে বই পড়ার কার্যকর ব্যবস্থা রাখা যেতে পারে এবং বই পাঠকদের জন্য রেজিষ্টার সংরক্ষণ করা যেতে পারে। | ক। অধিদপ্তরের প্রধান কার্যালয়সহ মাঠ পর্যায়ের সকল অফিসে স্থাপিত বঙ্গবন্ধু বুক-কর্ণারে বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ পাঠযোগ্য সুন্দর অক্ষরে টাইপ করে কাঁচের ফ্রেমে বাঁধাই করে দৃশ্যমান স্থানে রাখতে হবে।<br>খ। প্রত্যেক বুক কর্ণারে বিজি প্রেস কর্তৃক মুদ্রিত বাংলাদেশের সংবিধানের একটি করে কপি সংরক্ষণ করতে হবে।<br>গ। প্রত্যেক বুক কর্ণারে বঙ্গবন্ধুর জীবন ভিত্তিক ঐতিহাসিক ছবি স্থাপন করা যেতে পারে।<br>ঘ। প্রতিটি বুক কর্ণারে বই পড়ার কার্যকর ব্যবস্থা গ্রহণসহ পাঠকের রেজিষ্টার সংরক্ষণ করতে হবে। | ১। পরিচালক (সকল) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়,ঢাকা।<br>২। চীফ কনসালটেন্ট, সিটিসি, ঢাকা।<br>৩। অতিরিক্ত পরিচালক (সকল) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।<br>৪। প্রধান রাসায়নিক পরীক্ষক, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ঢাকা।<br>৫।মেডিকেল অফিসার বিভাগীয় নিরাময় কেন্দ্র (সকল)।<br>৬। উপপরিচালক/ সহকারী পরিচালক, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয় (সকল)। |
| ২.৩ | 'বঙ্গবন্ধু ওয়ান স্টপ সেন্টার' চালুর অগ্রগতি সম্পর্কে আলোচনা হয়। এ বিষয়ে সহকারী পরিচালক (প্রশাসন) জানান যে, কোভিড-১৯ জনিত উদ্ভূত বিশেষ পরিস্থিতির কারণে নির্ধারিত সময়ের মধ্যে সিদ্ধান্তটি বাস্তবায়ন করা সম্ভব হয়নি। সভাপতি এ প্রসঙ্গে বলেন যে, বর্তমান পরিস্থিতিতে সিদ্ধান্তটি বাস্তবায়ন করার ক্ষেত্রে কোন বাধা আছে বলে মনে হয়না। তিনি চলতি সেপ্টেম্বর ২০২০ মাসের মধ্যে 'বঙ্গবন্ধু ওয়ান স্টপ সেন্টার' চালু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। এর পাশাপশি তিনি সকল ধরনের সেবা সহজীকরণের লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্যও অনুরোধ করেন। | ক। সেপ্টেম্বর ২০২০ মাসের মধ্যে 'বঙ্গবন্ধু ওয়ান স্টপ সার্ভিস সেন্টার' চালু করতে হবে।<br>খ। অধিদপ্তর কর্তৃক প্রদেয় সকল ধরনের সেবা সহজীকরণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১। পরিচালক (সকল) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।<br>২। সিস্টেম এনালিস্ট মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা |

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ২.৪ | সভায় প্রতিটি জেলায় একটি করে মাদক বিরোধী ফুটবল ম্যাচ আয়োজন সংক্রান্ত কর্মসূচিটি বাস্তবায়নের সময়সীমা পুনঃনির্ধারণের বিষয়ে আলোচনা হয়। | আগামী জানুয়ারি ২০২১ থেকে ফেব্রুয়ারি ২০২১ সময়ের মধ্যে মাদক বিরোধী ফুটবল ম্যাচ আয়োজন করা যেতে পারে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১।পরিচালক (সকল) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা। <br> ২।অতিরিক্ত পরিচালক, বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয় (সকল)। <br> ৩।উপপরিচালক/ সহকারী পরিচালক, জেলা কার্যালয় / মেট্রো কার্যালয় (সকল)। |
| ২.৫ | সভায় বরিশাল বিভাগের অতিরিক্ত পরিচালক জানান যে, নির্মাণ কাজের জন্য বরিশাল বিভাগীয় কার্যালয়ে স্থাপিত 'বঙ্গবন্ধু বুক কর্ণারটি' সাময়িকভাবে Hidden Place এ সরিয়ে নেয়া হয়েছে। এ প্রসঙ্গে অতিরিক্ত মহাপরিচালক বলেন যে, 'বঙ্গবন্ধু বুককর্ণারটি' সাময়িকভাবে Hidden Place এ সরিয়ে নেয়া সমীচীন হয়নি। তাঁকে ব্যবহার উপযোগী বিকল্প একটি কক্ষে 'বঙ্গবন্ধু বুককর্ণারটি' চালু করার জন্য পরামর্শ প্রদান করেন। | বরিশাল বিভাগীয় কার্যালয়ে স্থাপিত বঙ্গবন্ধু বুক কর্ণারটি সাময়িক অসুবিধার জন্য ব্যবহার উপযোগী বিকল্প একটি কক্ষে অবিলম্বে স্থাপনপূর্বক তা চালু করতে হবে। | ১। অতিরিক্ত পরিচালক, বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, বরিশাল। |
| ২.৬ | বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে বঙ্গবন্ধুর 'অসমাপ্ত আত্মজীবনী' বই প্রদানের বিষয়ে সভায় আলোচনা হয়। সভাপতি বলেন যে, সরকারী ও লাইসেন্সপ্রাপ্ত বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রগুলোর প্রত্যেকটিতে একটি করে বঙ্গবন্ধুর 'অসমাপ্ত আত্মজীবনী' ও "কারাগারের রোজনামচা" বই প্রদান করা হলে বা রাখা হলে নিরাময় কেন্দ্রে চিকিৎসাধীন রোগীরা তা পড়ার সুযোগ পাবে এবং বঙ্গবন্ধু সম্পর্কে জানতে পারবে। | সকল সরকারী/বেসরকারি নিরাময় কেন্দ্রে কমপক্ষে একটি করে বঙ্গবন্ধুর 'অসমাপ্ত আত্মজীবনী' ও "কারাগারের রোজনামচা" বইটি সংরক্ষণ করতে হবে এবং চিকিৎসাধীন রোগীদেরকে এ বই গুলো পড়ার জন্য উদ্বুদ্ধ করতে হবে। | ১। পরিচালক (চিকিৎসা ও পূনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা। <br> ২। চীফ কনসালটেন্ট, সিটিসি, ঢাকা। <br> ৩। অতিরিক্ত পরিচালক, বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয় (সকল)। <br> ৪। উপপরিচালক/ সহকারী পরিচালক, জেলা কার্যালয় / মেট্রো কার্যালয় (সকল)। |

০৩। সভাপতি বলেন যে, বঙ্গবন্ধুর ছবি ব্যবহার করার ক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে এবং জন্মশত বার্ষিকীর লোগোর মর্যাদাপূর্ণ ব্যবহার নিশ্চিত করতে হবে। তিনি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী উপলক্ষে গৃহীত সকল কর্মসূচি যথাযথ গুরুত্বের সাথে নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে আবারও অনুরোধ জানান।

০৪। অতঃপর সভায় আর কোন অলোচনার বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোহাম্মদ আহসানুল জব্বার)
মহাপরিচালক

৩১ ভাদ্র, ১৪২৭

নং-৫৮.০২.০০০০.০০৬.০০.০৩১.১৯(অংশ-৪)-৩১২৭ তারিখ: ------------------

১৫ সেপ্টেম্বর, ২০২০

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় [দৃঃ আঃ যুগ্মসচিব (মাদক অনুবিভাগ)]।

২. পরিচালক (প্রশাসন/অপারেশনস/নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

৩. প্রধান রাসায়নিক পরীক্ষক, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, ঢাকা ।

৪. সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কম্পিউটার সেল, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে ও সংশ্লিষ্ট অফিসসমূহে ই-মেইল এ প্রেরণের অনুরোধসহ)।

৫. অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/ খুলনা/সিলেট/ বরিশাল/রংপুর/ ময়মনসিংহ/ গোয়েন্দা শাখা, ঢাকা।

৬. উপ-পরিচালক/সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় গোয়েন্দা কার্যালয় /জেলা কার্যালয়/মেট্রো কার্যালয়(উত্তর/দক্ষিণ)/ টেকনাফ বিশেষ জোন,------------------------------------------------------------------------------------------ ।

৭. সিনিয়র কনসালটেন্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, আঞ্চলিক মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম/রাজশাহী/ খুলনা।

৮. রাসায়নিক পরীক্ষক, রাসায়নিক পরীক্ষাগার, চট্টগ্রাম ।

৯. সহকারী পরিচালক (অর্থ ও হিসাব)/(কমন সার্ভিস), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

১০. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এর ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১১. অতিরিক্ত মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এর ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১২. অফিস কপি/গার্ড ফাইল।

১৫/০৯/2020

(মো: রবিউল ইসলাম)
উপপরিচালক (নিরোধ শিক্ষা)
ও
সদস্য সচিব
'মুজিববর্ষ' বাস্তবায়ন সংক্রান্ত কমিটি